

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.২৬০০.০১৭.২৭.০০১.১৫. ৬০


তারিখ : ১৭ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।
৩০ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

বিষয় : ঢাকা জেলার দোহার উপজেলার রাইপাড়া ইউনিয়ন পরিষদের ০৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য জনাব নূরুল হক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : উপপরিচালক স্থানীয় সরকার, ঢাকা কার্যালয়ের স্মারক নং-০১(সং), তারিখ : ০২/১/১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার দোহার উপজেলাধীন রাইপাড়া ইউনিয়ন পরিষদের ০৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য জনাব নূরুল হক ছুটি অনুমোদন ব্যতিরেকে যুক্তরাষ্ট্র গমন করেছেন যা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(জ) অনুযায়ী শাস্তিযোগ্য অপারধ।

০২। এমতাবস্থায়, আপনি জনাব নূরুল হক, সদস্য, ০৬নং ওয়ার্ড, রাইপাড়া ইউনিয়ন পরিষদ, দোহার, ঢাকা এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা অনুযায়ী কেন আপনাকে ইউনিয়ন পরিষদের সদস্য পদ হতে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, ঢাকা এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জনাব নূরুল হক
সদস্য, ০৬নং ওয়ার্ড
রাইপাড়া ইউনিয়ন পরিষদ
দোহার, ঢাকা।

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, ঢাকা (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।